

নিয়োগ বিজ্ঞপ্তি



বাংলাদেশ এন্ট্রপ্‌টেশন এডুকেশন সার্ভিসেস (বিজ) জাতীয় পর্যায়ে একটি বেসরকারি, অরাজনৈতিক ও অলাভজনক উন্নয়নমূলক সংস্থা। এ সংস্থা দরিদ্র জনগোষ্ঠীর দারিদ্র বিমোচন ও ক্ষমতায়নের লক্ষ্যে সুদীর্ঘ ৪০ বছর ধরে পিকেএসএফ সহ বিভিন্ন অর্থলগ্নি প্রতিষ্ঠানের অর্থায়নে ক্ষুদ্র ঋণ, কৃষি, স্বাস্থ্য, শিক্ষা ও অন্যান্য উন্নয়ন মূলক কর্মকাণ্ড নিবিড়ভাবে সুনামের সাথে

বাস্তবায়ন করে আসছে। সংস্থার সার্বিক কার্যক্রম সূচনাত্মক বাস্তবায়নের লক্ষ্যে নিম্নোক্ত পদে লোক নিয়োগ করা হবে।

পদের নাম: অতিরিক্ত নির্বাহী পরিচালক - ১জন

শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা: কমপক্ষে দ্বিতীয় শ্রেণীতে প্লাডক্রেডের পাশ। উচ্চতর শিক্ষাগত যোগ্যতা সম্পন্ন প্রার্থী অগ্রাধিকারযোগ্য। এনজিও সেটরে ক্ষুদ্রঋণ কার্যক্রম ও অন্যান্য উন্নয়নমূলক কর্মকাণ্ডে কমপক্ষে ২০ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। যে কোন প্রতিষ্ঠিত প্রতিষ্ঠানে পরিচালক পদে কমপক্ষে ৭ বছরের কর্মদক্ষতা থাকতে হবে। এছাড়া কম্পিউটার পরিচালনা ও সফটওয়্যার বিষয়ে বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে।

বয়স: ৩১/০৭/২০১৮ তারিখে সর্বোচ্চ ৫৫ বছর। তবে অধিকতর যোগ্য প্রার্থীর জন্য বয়স শিথিলযোগ্য।

মূল দায়িত্বাবলী: উক্ত পদটি সংস্থার উচ্চতর ব্যবস্থাপনার একটি গুরুত্বপূর্ণ অংশ। তাই সংস্থার সার্বিক কার্যক্রম পরিচালনা ও ব্যবস্থাপনা, নেতৃত্বদান, দেশের ও বিদেশের বিভিন্ন প্রতিষ্ঠানের সঙ্গে অর্থ সংস্থানের জন্য যোগাযোগ স্থাপন, বাংলাদেশ সরকার ও অন্যান্য সংশ্লিষ্ট স্টেকহোল্ডারদের সঙ্গে সমন্বয় সাধনের মাধ্যমে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ, সংস্থার প্রয়োজনে বিভিন্ন নীতিমালা ও গাইড লাইন প্রণয়ন, Project Concept Note (PCN), EOI, Project Proposal তৈরী, মাইক্রোফাইন্যান্স ও বিভিন্ন উন্নয়ন কর্মসূচি বিষয়ে Documentation প্রস্তুত ও উপস্থাপন, বার্ষিক রিপোর্ট ও অন্যান্য ডকুমেন্টস তৈরী করা। সংস্থার নির্বাহী পরিচালকের সরাসরি তত্ত্বাবধানে থেকে তাকে বিভিন্ন কর্মকাণ্ডে সহযোগিতা প্রদান করে সংস্থার লক্ষ্য ও উদ্দেশ্য বাস্তবায়নে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করা।

বেতন-ভাতা ও অন্যান্য সুবিধা: সংস্থার বেতন কাঠামো অনুযায়ী মাসিক বেতন সর্বসাকুল্যে ২,৭৬,৮০০ টাকা। অধিকতর যোগ্যতা সম্পন্ন প্রার্থীর ক্ষেত্রে বেতন আলোচনা সাপেক্ষে নির্ধারণ করা হবে। উক্ত বেতন আয়কর মুক্ত অর্থাৎ প্রতিষ্ঠান আয়কর প্রদান করবে। নির্বাচিত প্রার্থীকে সংস্থার চাকুরি নীতিমালা অনুযায়ী ২ (দুই) মাসের মোট বেতনের সমপরিমাণ টাকা সংস্থার জামানত হিসাবে জমা দিতে হবে, যা চাকুরি শেষে বিনালাভে ফেরতযোগ্য। ১ (এক) মাসের বেতনের সমপরিমাণ টাকা চাকুরিতে যোগদানের সময় এবং অবশিষ্ট ১ (এক) মাসের টাকা চাকুরিতে নিয়মিত হবার পর ১২ মাসের সমকিস্তিতে বেতন থেকে সমন্বয় করা হবে। সংস্থার চাকুরি নীতিমালা অনুযায়ী নিয়োগপ্রাপ্ত কর্মীর জন্য বেতনের অতিরিক্ত উৎসব বোনাস, মোবাইল ভাতা, যাতায়াত সুবিধা, প্রভিডেন্ট ফান্ড, গ্রাচুইটি, PRL ও গ্রুপ বীমার সুবিধা রয়েছে।

আগ্রহী প্রার্থীদের আবেদনপত্রসহ পূর্ণ জীবনবৃত্তান্ত, শিক্ষাগত যোগ্যতার সনদের সত্যায়িত অনুলিপি, ২ কপি পাসপোর্ট সাইজের ছবি (সত্যায়িত), জাতীয় পরিচয় পত্র/জন্ম নিবন্ধনের ফটোকপি, যোগাযোগের কোন নম্বরসহ ০৯/০৮/২০১৮ইং তারিখের মধ্যে নিম্ন ঠিকানায় দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

পরিচালক (প্রশিক্ষণ ও মানবসম্পদ)

বাংলাদেশ এন্ট্রপ্‌টেশন এডুকেশন সার্ভিসেস (বিজ)

প্রধান কার্যালয়, বাড়ী নং-১২/এ, রোড নং-৩০, জলশান-১, ঢাকা-১২১২।